তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

## প্রেস রিলিজ

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৬

# বাউবিতে বিবিএ (টিআইএম) সিলেবাস প্রণয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব বিজনেস-এর উদ্যোগে "Workshop on Formulation of OBE-based Syllabus for BBA in Technology and Innovation Management" বিষয়ক একটি দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০৯ সেপ্টেম্বর, ২০২৬) সকাল ৯:৩০ টায় বাউবি'র গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের আইসিটি অ্যান্ড ই-লার্নিং সেন্টারে (ICT & E-Learning Centre) কর্মশালাটি শুরু হয়। স্কুল অব বিজনেস-এর ডীন অধ্যাপক ড. মো: মঈনুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় দুই ডজনের বেশি প্রশিক্ষণার্থী অংশ নেন। আউটকাম বেসড এডুকেশন (OBE) কারিকুলামের আলোকে নতুন এই বিবিএ সিলেবাস প্রণয়নের লক্ষ্যে বিশেষ কর্মশালার আয়োজন করা হয়েছে বলে জানান তিনি।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা আধুনিক যুগের প্রযুক্তি ও উদ্ভাবনী ব্যবস্থাপনার সাথে সামঞ্জস্য রেখে যুগোপযোগী সিলেবাস প্রণয়নের গুরুত্ব তুলে ধরেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)